গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫-৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-১২ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৪ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৫-১৬ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of Digital Security Agency)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এবং ধারা-৫ অনুযায়ী ১৬ জানুয়ারি ২০১৯ তারিখে আইসিটি বিভাগের আওতাধীন ১ (এক) জন মহাপরিচালক ও ২ (দুই) জন পরিচালকের সমন্বয়ে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠিত হয়েছে। ইহা ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখ হইতে কার্যকর রয়েছে। এজেন্সির ক্ষমতা, দায়িত্ব, ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে মর্মে আইনে উল্লেখ রয়েছে। সে প্রেক্ষিতে বিভিন্ন বিধিমালা প্রণয়ন করা হচ্ছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রধান কার্যালয় এবং প্রাশাসনিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত আইসিটি বিভাগের অনুকূলে আইসিটি টাওয়ারের সন্নিহিত এলাকায় নূন্যতম ১ বিঘা জমি বরাদ্দ প্রদানের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। ডিজিটাল ফরেনসিক ল্যাব, ন্যাশনাল CERT এবং অপারেশন ও মনিটরিং সেন্টার স্থাপনের জন্য বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈর এ প্রাথমিকভাবে ৩ একর জায়গা বরাদ্দ পাওয়া গেছে। সে প্রেক্ষিতে এ সকল অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত সমীক্ষা প্রতিবেদন এবং লে-আউট নকশা প্রস্তুতের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইন এবং তদধীন প্রণীত বিধির বিধান বাস্তবায়নকল্পে এজেন্সি'কে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরামর্শ প্রদান করবে জাতীয় ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল। ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এর ধারা-১২ অনুযায়ী ২৪ মার্চ ২০১৯ তারিখে ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল গঠিত হয়েছে। এজেন্সি'র দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য আইসিটি টাওয়ারের ১২ তলায় প্রায় ৪ হাজার বর্গফুট স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। এজেন্সি'র কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য একটি প্রকল্প পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জনবল স্বল্পতা, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণে জনগণের সচেতনতা; পর্যাপ্ত ডিজিটাল অবকাঠামো তৈরিসহ সাইবার হামলা প্রতিহত করা; সংবেদনশীল তথ্য পরিকাঠামোসমূহের সাইবার নিরাপত্তা নিশ্চিত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর এ আন্তর্জাতিক মানের সুবিধা সম্পন্ন এজেন্সি'র কার্যালয় ভবন নির্মাণ; জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম গঠন করা; জাতীয় ফরেন্সিক ল্যাব প্রতিষ্ঠা করা; ন্যাশনাল সিকিউরিটি অপারেশন সেন্টার এবং মনিটরিং প্ল্যাটফরম স্থাপন; Forensic lab accreditation এর ব্যবস্থা গ্রহণ; Critical Information Infrastructure এ কর্মরত কর্মকর্তাগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন; দেশব্যাপী জেলা-উপজেলা এবং কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন করা; জাতীয় পর্যায়ে সকল সরকারি দপ্তরে ইনফরমেশন অডিট বাধ্যতামূলক করা; সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ তৈরির জন্য Certification ব্যবস্থা চালুকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (ক্ষমতা ও কার্যাবলী) বিধিমালা-২০১৯ প্রণয়ন;
- সাংগঠনিক কাঠামো প্রণয়ন;
- জনবল নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়ন;
- সরকারি কর্মকর্তাদের জন্য ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অনলাইন কোর্স চালুকরণ;
- ডিজিটাল নিরাপত্তা বিষয়ক ইভেন্ট সেমিনার/কর্মশালা আয়োজন।

## সেকশন ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ প্রধান কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

জনবান্ধব নিরাপদ ডিজিটাল প্রযুক্তি

### ১.২ অভিলক্ষ্য (Mission):

ডিজিটাল নিরাপত্তার অবকাঠামোগত উন্নয়ন, দক্ষ জনবল বৃদ্ধি, মানদন্ড নির্ধারণ, আন্ত:প্রাতিষ্ঠানিক নীতি বাস্তবায়নের মাধ্যমে ডিজিটাল হুমকি প্রতিরোধ এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা সেবাকে উৎপাদনশীল খাত হিসেবে বিকশিত হতে সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র অবকাঠামো উন্নয়ন

২. ডিজিটাল নিরাপত্তায় আইনি কাঠামো শক্তিশালীকরণ

৩. ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা তৈরি

#### ১.৩.২ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ প্রধান কার্যাবলী (Functions):

(ক) দেশে ডিজিটাল ডিভাইস ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও নিয়ন্ত্রণ করা এবং যে কোন তথ্য প্রযুক্তি সংক্রান্ত রাষ্ট্রীয় সংকটকালীন সময়ে সংকট মোকাবিলার নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

(খ) গুরুত্বপূর্ণ ও সংকটাপন্ন তথ্য পরিকাঠামো (CII) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে তাহা পরিদর্শন করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

(গ) তথ্য প্রযুক্তি ভিত্তিক হুমকি মোকাবেলা এবং এ সংক্রান্ত নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা এবং জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য প্রযুক্তির ব্যবহারিক নিরাপত্তা নিশ্চিত করা;

(ঘ) ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এ সংক্রান্ত বিভিন্ন সংস্থার CERT, Forensic Lab গঠনের নির্দেশনা ও অনুমোদন প্রদান করা এবং কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করা;

(ঙ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানকে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা এবং ডিজিটাল সিকিউরিটির প্রতি হুমকির উৎস অভ্যন্তরীণ নাকি আন্তর্জাতিক তা পর্যবেক্ষন করা এবং সংশ্লিষ্টদের এই বিষয়ে অবহিত করা;

(চ) জাতীয়নিরাপত্তা, প্রতিরক্ষা,বহি:সম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা ও নিরাপত্তা অথবা প্রয়োজনীয় এবং অপরিহার্য সেবার প্রতি ডিজিটাল সিকিউরিটির হুমকির বিষয়ে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা;

(ছ) গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো চিহ্নিতকরণ এবং তা রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তি/মালিককে এর নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করা;

(জ) ডিজিটাল সিকিউরিটি নিশ্চিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর মালিকও রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তির জন্য নির্দেশিকা প্রণয়ণ এবং তা প্রতিপালনের জন্য নিদিষ্ট মানদন্ড প্রস্তুত করা;

(ঝ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে সরকারের প্রতিনিধত্ব করা;

(ঞ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত ঘটনার বিষয়ে অন্যান্য দেশ ও অঞ্চলের CERT কে সহায়তা প্রদান করা;

(ট) ডিজিটাল সিকিউরিটি সার্ভিস প্রদান কারীদের লাইসেন্স প্রদান এবং সিকিউরিটি সার্ভিসের মানদন্ড নির্ধারন করা এবং দেশে ডিজিটাল সিকিউরিটি সার্ভিস শিল্পের প্রচার, প্রসার ও উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা;

(ঠ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত সার্ভিস, পণ্য এবং এতদসংক্রান্ত বিষয়ে ব্যবহৃত কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যরের মান নির্ধারণ করা। এছাড়াও ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত শিল্পের সাথে জড়িত ব্যক্তিদের পেশাগত উৎকর্ষতা বজায় রাখা এবং উন্নতি ও অগ্রগতিতে সহায়তা প্রদান করা;

(ড) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত প্রযুক্তি, গবেষণা ও সার্বিক উন্নয়নে সহায়তা প্রদান করা এবং ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান ও বিদেশী সরকারের সাথে সরকারের পূর্বানুমোদনক্রমে চুক্তি সম্পাদন, তথ্য আদান-প্রদান ও সহযোগিতা করা;

(ঢ) কম্পিউটার ও কম্পিউটার সিস্টেমের নিরাপত্তা তদারকী ও এ বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা;

(ণ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজন ও জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা;

(ত) জাতীয় নিরাপত্তা কাউন্সিলের সভা আয়োজন ও সাচিবিক সহযোগিতা করা;

(থ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা;

(দ) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর বাস্তবায়ন তদারকি এবং এই সংক্রান্ত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করা।

## সেকশন-২

সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ডিজিটাল নিরাপত্তায় নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান | গঠিত এজেন্সি | সংখ্যা | | | ১ | | | আইসিটি বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, জাতীয় সংসদ ও লেজিসলেটিভ বিভাগ, জন প্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |
| ডিজিটাল নিরাপত্তায় আইনি ব্যবহার | প্রণীত বিধিমালা | সংখ্যা | | | ২ | ২ | ৩ | আইসিটি বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, জাতীয় সংসদ ও লেজিসলেটিভ বিভাগ | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |
| ডিজিটাল নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধি | সুবিধাভোগী | সংখ্যা | | | ৫০০ | ২০০০ | ৪০০০ | আইসিটি বিভাগ, গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |

## সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | ষান্মাসিক অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯* | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | |
| [১] ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র অবকাঠামো উন্নয়ন | ৩০ | [১.১] কার্যালয় চালুকরণে আসবাবপত্র ক্রয় | [১.১.১] প্রদানকৃত কার্যাদেশ | তারিখ | ৫ | | | ০১-১২-১৯ | ১৫-১২-১৯ | ৩১-১২-১৯ | ৩১-০১-২০ | ২৮-০২-২০ | ২৯-০৯-১৯ |
| | | [১.২] কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয় | [১.২.১] প্রদানকৃত কার্যাদেশ | তারিখ | ৫ | | | ৩০-০৪-২০ | ১৫-০৫-২০ | ৩১-০৫-২০ | ১০-০৬-২০ | ১৫-০৬-২০ | ২৮-১১-১৯ |
| | | [১.৩] সাংগঠনিক কাঠামো প্রণয়ন | [১.৩.১] প্রণীত সাংগঠনিক কাঠামো | তারিখ | ৫ | | | ৩০-০৪-২০২০ | ১৫-০৫-২০২০ | ৩১-০৫-২০২০ | ১০-০৬-২০২০ | ১৫-০৬-২০২০ | ১৪-০১-২০২০ |
| | | [১.৪] এজেন্সি স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা বিভাগে প্রেরণ | [১.৪.১] প্রেরিত প্রস্তাব | তারিখ | ১০ | | | ০১-০৯-১৯ | ১৫-০৯-১৯ | ৩০-০৯-১৯ | ১৫-১০-১৯ | ৩১-১০-১৯ | ০৭-০৭-১৯ |
| | | [১.৫] Establishment of DSA প্রকল্প গ্রহণে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান | [১.৫.১] প্রদানকৃত কার্যাদেশ | তারিখ | ৫ | | | ০২-০৫-২০ | ৩১-০৫-২০ | ১৫-০৬-২০ | ২৫-০৬-২০ | ৩০-০৬-২০ | |
| [২] ডিজিটাল নিরাপত্তায় আইনি কাঠামো শক্তিশালীকরণ | ২৫ | [২.১] ডিজিটাল নিরাপত্তা (দায়িত্ব ও কার্যাবলি) বিধিমালা প্রণয়ন | [২.১.১] প্রণীত বিধিমালা | তারিখ | ৮ | | | ০১-০১-২০ | ০২-০২-২০ | ১৫-০২-২০ | ০১-০৩-২০ | ১৫-০৩-২০ | ০৫-১২-১৯ |
| | | [২.২] তথ্য সুরক্ষা ও গোপনীয়তা বিধিমালা প্রণয়ন | [২.২.১] প্রণীত বিধিমালা | তারিখ | ৮ | | | ০১-০৪-২০ | ১৫-০৪-২০ | ০১-০৫-২০ | ৩০-০৫-২০ | ৩০-০৬-২০ | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | ষান্মাসিক অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯* | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | |
| | | [২.৩] জনবল নিয়োগ বিধিমালা প্রণয়ন | [২.৩.১] প্রণীত বিধিমালা | তারিখ | ৫ | | | ১৫-০৫-২০ | ৩১-০৫-২০ | ১০-০৬-২০ | ২০-০৬-২০ | ৩০-০৬-২০ | |
| | | [২.৪] গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন | [২.৪.১] প্রণীত গাইডলাইন | তারিখ | ৪ | | | ১৫-০৫-২০ | ৩১-০৫-২০ | ১০-০৬-২০ | ২০-০৬-২০ | ৩০-০৬-২০ | |
| [৩] ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা তৈরি | ২০ | [৩.১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অনলাইন কোর্স চালুকরণ | [৩.১.১] কোর্সের উদ্বোধন | তারিখ | ৬ | | | ০২-১২-১৯ | ০২-০১-২০ | ০২-০৩-২০ | ০২-০৪-২০ | ০২-০৫-২০ | ০৮-০৯-১৯ |
| | | | [৩.১.২] কনটেন্ট তৈরি | সংখ্যা | ৮ | | | ১ | | | | | ১ |
| | | [৩.২] সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] আয়োজিত সেমিনার/কর্মশালা | সংখ্যা | ৬ | | | ০২ | ০১ | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ-২০১৯-২০২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | | কলাম-৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indictor) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০২০ | | | | | ষান্মাসিক অর্জন |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ] | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষনসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - | |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - | চলতি অর্থবছরে online- এ যুক্ত হয়নি। |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক(feed back) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রুয়ারি | ১০ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৪ ফেব্রুয়ারি ২০২০ | |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - | |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর ২০১৯ | ১৫ নভেম্বর ২০১৯ | ১৫ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ৩১ জানুয়ারি ২০২০ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিস্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে মাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রয়ারি ২০২০ | ১৭ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রয়ারিু | ২৬/১২/২০১৯ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইল পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারিকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি ২০২০ | ১৫ মার্চ ২০২০ | ১৫ মার্চ ২০২০ | ৩১ মার্চ ২০২০ | ৩০ মে ২০২০ | |
| | | [২.৩] দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ মার্চ ২০২০ | ১ এপ্রিল ২০২০ | ৮ এপ্রিল ২০২০ | ১৬/০২/২০২০ অভ্যন্তরীণ বাজেট ব্যবস্থাপনা |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টো ২০১৯ | ২০অক্টো ২০১৯ | ২৪অক্টো ২০১৯ | ২৮ অক্টো ২০১৯ | ৩০ অক্টো ২০১৯ | |
| | | | [২.৪২] সেবা সহজিকরণ অধিক্ষেত্র বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল ২০২০ | ৩০ এপ্রিল ২০২০ | ১৫ মে ২০২০ | ৩০মে ২০২০ | ১৫জুন ২০২০ | |
| | | [২.৫] পিআরএল শুরুর | [২.৫.১] | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২ মাস পূর্বে সংশ্লিস্ট কর্মচারির পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারীকরা | পিআরএল আদেশ জারিকৃত | | | | | | | |
| | | | [২.৫.২] ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | | | | | | | | |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিস্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | | | | | | | | | |
| | | [২.৮]তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যাবস্হাপনার উন্নয়ন | ৭ | [৩.১]বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট ২০১৯ | ২০আগস্ট ২০১৯ | ২৪আগস্ট ২০১৯ | ২৮ আগস্ট ২০১৯ | ৩০ আগস্ট ২০১৯ |
| | | | [৩.১.২ ত্রৈমাসিক বাজেট | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | . | . | . |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | | | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসচি (এডিপি) বাস্তবায়ন | (৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | |
| | | | | | | | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১ত্রিপক্ষীয় সাবায় নিস্পিত্তির জন্য সুপারিশ কৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | |
| | | [৩.৪] স্থাবর ও সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/ বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | |

আমি, মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

স্বাক্ষরিত

১৩.০৬.১৯

| | |
|---|---|
| মহাপরিচালক<br>ডিজিটাল নিরাপত্তা এজেন্সি | তারিখ |

১৩.০৬.১৯

| | |
|---|---|
| সচিব<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | তারিখ |

**সংযোজনী ১**

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি (ICT) |
| ২ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ৩ | ডিএসএ | ডিজিটাল সিকিউরিটি এজেন্সি |
| ৪ | সিআইআই | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার |
| ৫ | সিইআরটি | কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম |

**সংযোজনী ২**

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | [১.১] কার্যালয় চালুকরণে আসবাবপত্র ক্রয় | [১.১.১] প্রদানকৃত কার্যাদেশ | আইসিটি টাওয়ারের ১২ তলায় এজেন্সি'র কার্যালয় স্থাপনে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় সম্পন্ন করা | মহাপরিচালকের দপ্তর | আসবাবপত্র ক্রয়ের কার্যাদেশ ও সরবরাহের প্রত্যয়ন | |
| ২ | [১.২] কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয় | [১.২.১] প্রদানকৃত কার্যাদেশ | আইসিটি টাওয়ারের ১২ তলায় এজেন্সি'র কার্যালয় স্থাপনে প্রয়োজনীয় কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয় সম্পন্ন করা | মহাপরিচালকের দপ্তর | কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয়ের কার্যাদেশ ও সরবরাহের প্রত্যয়ন | |
| ৩ | [১.৩] সাংগঠনিক কাঠামো প্রণয়ন | [১.৩.১] প্রণীত সাংগঠনিক কাঠামো | এজেন্সি'র নিজস্ব জনবল কাঠামো প্রণয়ন করা | মহাপরিচালকের দপ্তর | জনবল কাঠামোর খসড়া প্রণয়ন | |
| ৪ | [১.৪] এজেন্সি স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা বিভাগে প্রেরণ | [১.৪.১] প্রেরিত প্রস্তাব | এজেন্সি'র কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব পরিকল্পনা বিভাগে প্রেরণ করা | মহাপরিচালকের দপ্তর | প্রকল্প প্রস্তাব প্রেরণ ও অনুমোদন | |
| ৫ | [১.৫] Establishment of DSA প্রকল্প গ্রহণে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান | [১.৫.১] প্রদানকৃত কার্যাদেশ | বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈয়র এ এজেন্সি'র ভবন ও অন্যান্য অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে Establishment of DSA প্রকল্প গ্রহণে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা | মহাপরিচালকের দপ্তর | সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান | |
| ৬ | [২.১] ডিজিটাল নিরাপত্তা (দায়িত্ব ও কার্যাবলি) বিধিমালা প্রণয়ন | [২.১.১] প্রণীত বিধিমালা | এজেন্সি'র দায়িত্ব,ক্ষমতা ও কার্যাবলি সংক্রান্ত বিধিমালা প্রণয়ন | মহাপরিচালকের দপ্তর | বিধিমালার খসড়া প্রণয়ন | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৭ | [২.২] তথ্য সুরক্ষা ও গোপনীয়তা বিধিমালা প্রণয়ন | [২.২.১] প্রণীত বিধিমালা | গুরুত্বপূর্ণ তথ্যের সুরক্ষা ও গোপনীয়তা রক্ষায় ‘তথ্য সুরক্ষা ও গোপনীয়তা’ বিধিমালা প্রণয়ন | মহাপরিচালকের দপ্তর | বিধিমালার খসড়া প্রণয়ন | |
| ৮ | [২.৩] জনবল নিয়োগ বিধিমালা প্রণয়ন | [২.৩.১] প্রণীত বিধিমালা | এজেন্সি’র নিজস্ব জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিধিমালা প্রণয়ন | মহাপরিচালকের দপ্তর | বিধিমালার খসড়া প্রণয়ন | |
| ৯ | [২.৪] গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন | [২.৪.১] প্রণীত গাইডলাইন | গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ঘোষণার জন্য গাইডলাইন প্রণয়ন করা | মহাপরিচালকের দপ্তর | গাইডলাইনের খসড়া প্রণয়ন | |
| ১০ | [৩.১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অনলাইন কোর্স চালুকরণ | [৩.১.১] কোর্সের উদ্বোধন | সরকারি কর্মকর্তাদের সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অনলাইন কোর্স চালুকরণ | মহাপরিচালকের দপ্তর এবং এটুআই প্রোগ্রাম | কোর্সের উদ্বোধন ও প্রশিক্ষণ চালুকরণ | |
| | | [৩.১.২] তৈরিকৃত কোর্স কনটেন্ট | সরকারি কর্মকর্তাদের সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অনলাইন কোর্স চালুকরণের জন্য কনটেন্ট তৈরি করা | মহাপরিচালকের দপ্তর এবং এটুআই প্রোগ্রাম | তৈরিকৃত কোর্স কনটেন্ট অনলাইনে প্রকাশ | |
| ১১ | [৩.২] সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] আয়োজিত সেমিনার/কর্মশালা | সাইবার নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন করা | মহাপরিচালকের দপ্তর | সেমিনার/কর্মশালা আয়োজন | |